"যৌতুক দেয়া-নেয়া শাস্তিযোগ্য অপরাধ"

# বাংলাদেশ ব্যাংক

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট ঃ www bangladeshbank.org.bd

সার্কুলার পত্র নং-০৩/২০০৯

১৫ শ্রাবণ, ১৪১৬
তারিখঃ-------------------
৩০ জুলাই, ২০০৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ এবং ১৮বি ধারার আওতায় বিদেশী প্রিন্সিপালের এজেন্ট হিসেবে কার্যরত অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ত্রৈমাসিক বিবরণী দাখিল প্রসংগে ।

প্রিয় মহোদয়গণ,

অত্র বিভাগের ০৮/০৪/২০০৯ তারিখে জারীকৃত সার্কুলার পত্র নং-০১/২০০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। রপ্তানী উৎসাহ, ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি এবং ১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ এবং ১৮বি ধারার আওতায় অনুমোদন/নবায়ন/অন্তর্ভুক্তি সংক্রান্ত আবেদন বিবেচনার প্রক্রিয়া সহজ ও দ্রুততর করার উদ্দেশ্যে বিদেশী প্রিন্সিপালের এজেন্ট হিসেবে কার্যরত অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ কমিশন অর্জন/প্রত্যাবাসন সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী এখন হতে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (বিটার্ণ শাখা-২) এর পরিবর্তে কেবলমাত্র বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগে দাখিল করবে ।

০৩। এ ব্যবস্থা স্থানীয় বায়িং এবং ইন্ডেন্টিং এজেন্টসহ সকল ফ্রেইট ফরওয়ার্ডিং, লোকাল/কমিশন এজেন্ট এবং লিয়াজোঁ অফিসসমূহের জন্যও প্রযোজ্য হবে ।

০৪। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

( মোঃ রেজাউল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২৫০২৪